গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন শাখা-১৭

**বিষয়: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্লট বরাদ্দ বিজ্ঞপ্তি প্রকাশ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের বারনই আবাসিক এলাকা উন্নয়ন প্রকল্পের ৫ টি আবাসিক এবং ৮ টি বাণিজ্যিক প্লট বরাদ্দ প্রদানের বিজ্ঞপ্তি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ২ ফর্দ।

৩০/৩/২০২২

(নায়লা আহমেদ)
উপসচিব
ফোন- ৯৫৪৬১০২

সিস্টেম এনালিষ্ট (আইসিটি সেল)
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ইউ.ও নোট নং-২৫.০০.০০০০.০৫৩.৯৯.০১০.২০১৯.৮৬

তারিখ: ৩০ মার্চ ২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য:

১। চেয়ারম্যান, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, রাউক ভবন, রাজশাহী।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অফিস কপি/ মাস্টার ফাইল।

রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ
আর.ডি.এ ভবন
বনলতা বাণিজ্যিক এলাকা,রাজশাহী।
www.rda.rajshahidiv.gov.bd

স্মারক নং- ২৫.৪০.০০০০.০০৬.৪৫.০০১.১৪-৩৯৮ তারিখ: ২৪/০৩/২০২২

# “রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের বাণিজ্যিক প্লটের দরপত্র বিজ্ঞপ্তি ”

রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন রাজশাহী বাইপাস সংযোগ সড়ক সংলগ্ন পূর্ব দিকে বড়বনগ্রাম মৌজায় অবস্থিত “বারনই আবাসিক এলাকা উন্নয়ন ” প্রকল্পের ৭.২৮ কাঠা বিশিষ্ট সি-১, ৭.৩৩ কাঠা বিশিষ্ট সি-২, ৭.৩৮ কাঠা বিশিষ্ট সি-৩, ৭.২৭ কাঠা বিশিষ্ট সি-৪, ৭.৪৮ কাঠা বিশিষ্ট সি-৫, ৭.৪২ কাঠা বিশিষ্ট সি-৬, ৭.৪২ কাঠা বিশিষ্ট সি-৭, ৭.০০ কাঠা বিশিষ্ট সি-৮, মোট ৮(আট)টি বাণিজ্যিক প্লট ৯৯ বৎসরের জন্য লীজ প্রদানের নিমিত্ত আগ্রহী বাংলাদেশী নাগরিকের নিকট হতে নির্ধারিত ফরমে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। ফরম/প্রসপেক্টাসের মূল্য ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা (অফেরৎ যোগ্য) প্রদানের বিনিময়ে অগ্রণী ব্যাংক লিমিটেড, আরডিএ ভবন শাখা, রাজশাহী হতে আগামী ১১/০৫/২০২২ খ্রি: তারিখ পর্যন্ত (ব্যাংক লেনদেন চলাকালীন সময়ে) সংগ্রহ করা যাবে। এছাড়াও দরপত্রের আবেদন ফরম রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের ওয়েব সাইট- www.rdarajshahidiv.gov.bd থেকে সংগ্রহ করা যাবে। তবে দরপত্রের আবেদন ফরমের সাথে দরপত্র ফরমের মূল্য বাবদ =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা চেয়ারম্যান, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ হিসাব নং- ০২০০০০৫৬২৯০৮৩ অগ্রণী ব্যাংক লিমিটেড, আরডিএ ভবন শাখা, রাজশাহী বরাবরে অন-লাইন এ জমা প্রদান করে রশিদের কপি দরপত্রের আবেদন ফরমের সাথে জমা প্রদান করতে হবে। দরপত্রের আবেদন ফরমে প্রয়োজনীয় তথ্যাদি ও শর্তাবলী উল্লেখ থাকবে। নিম্নের ছকে দরপত্র জমা দেওয়ার খোলার তারিখ, সময় ও স্থান এবং জামানতের পরিমান উল্লেখ করা হলো।

| দরপত্র জমা দেওয়ার তারিখ ও সময় | দরপত্র জমা দেওয়ার স্থান | জামানতের পরিমান | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১২/০৫/২০২২খ্রি: তারিখ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত। | শাহমুখদুম থানা ও রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের অফিসে রক্ষিত টেন্ডার বাক্সে। | উদ্ধৃত মোট মূল্যের ১০% | ১২/০৫/২০২২ খ্রি: তারিখ বেলা ২.০০ ঘটিকায় প্রধান নির্বাহী কর্মকর্তা,রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ এর অফিস কক্ষে আবেদনকারীদের উপস্থিতিতে দরপত্র (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। |

২। একটি দরপত্রে একাধিক প্লটের দর দাখিল করা যাবে না। প্রতিটি প্লটের জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করতে হবে।

৩। সরকার নির্ধারিত কাঠা প্রতি জমির মূল্য ১৮,০০,০০০(আঠারো লক্ষ)টাকার নিম্নে দর গ্রহণযোগ্য হবে না।

৪। সর্বোচ্চ দরদাতা প্লট বরাদ্দ নিতে অস্বীকৃতি জানালে তার জামানতের অর্থ বাজেয়াপ্ত হবে।

৫। অনিবার্য কারণ বশত: দরপত্র দাখিলের দিন সরকারি ছুটি ঘোষিত হলে বা ব্যাংক কার্যক্রম বন্ধ থাকলে পরবর্তী প্রথম কার্য দিবসে যথাক্রমে বর্ণিত সময় ও স্থানে দরপত্র আবেদনপত্র ফরম গ্রহণ ও জমা প্রদান করা যাবে।

৬। রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

২৪.৩.২২

(মোঃ আনওয়ার হোসেন)
চেয়ারম্যান
রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ।

রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ
আর.ডি.এ ভবন
বনলতা বাণিজ্যিক এলাকা,রাজশাহী।
www.rda.rajshahidiv.gov.bd

স্মারক নং- ২৫.৪০.০০০০.০০৬.৪৫.০০১.১৪-৩১৭ তারিখ: ২৪/০৩/২০২২ খ্রি:

# " আবাসিক প্লট বরাদ্দের বিজ্ঞপ্তি "

**এতদ্বারা আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন রাজশাহী বাইপাস সংযোগ সড়ক সংলগ্ন পূর্ব দিবে বড়বনগ্রাম মৌজায় অবস্থিত "বারনই আবাসিক এলাকা উন্নয়ন " প্রকল্পের আবাসিক প্লট বরাদ্দের জন্য নির্ধারিত ফরমে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।**

বারনই আবাসিক এলাকা উন্নয়ন প্রকল্পে ইত:পূর্বে শ্রেণি/ ক্যাটাগরি ভিত্তিক ১৭০টি প্লট বরাদ্দ প্রদান করা হয় এবং তার মধ্যে ৫টি প্লট দু'টি শ্রেণি/ক্যাটাগরিতে ফাঁব হয়। উক্ত শ্রেণি/ ক্যাটাগরির মধ্যে হতে সরকারি কর্মকর্তা / কর্মচারী (কর্মরত), শ্রেণি/ ক্যাটাগরিতে (কমবেশী ৪.০০ কাঠার ১টি, ৩.০০ কাঠার ২টি) ৩(তিন)টি প্লট এবং ব্যবসা শ্রেণি/ ক্যাটাগরিতে (কমবেশী ৪.০০ কাঠার একটি, ২.৫০ কাঠার একটি) ২(দুই)টি প্লটসহ মোট ৫(পাঁচ) টি প্লট ফাঁকা/বাতিল হয়। ফাঁকা/বাতিল হওয়া ৫(পাঁচ)টি প্লট পুনরা সরকারি কর্মকর্তা / কর্মচারী (কর্মরত) এবং ব্যবসায়ী শ্রেণি/ ক্যাটাগরিতে প্লট বরাদ্দ গ্রহণে আগ্রহী বাংলাদেশী নাগরিকগণের নিকট রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের নির্ধারিত ফরে আবেদন আহ্বান করা যাচ্ছে । সরকারি কর্মকর্তা / কর্মচারী (কর্মরত) ক্যাটাগরির ক্ষেত্রে প্রসপেক্টাসের ২নং ক্রমিকের সরকারি কর্মকর্তা/কর্মচারী (কর্মরত) ক্যাটাগরি ব্যতি আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা / কর্মচারী আবেদন করতে পারবেন না। উক্ত প্রকল্পে প্রতি কাঠা জমির মূল্য =১০,৩৫,০০০/- (দশ লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা আবেদনপত্র ও প্রসপেক্টাস অগ্রণী ব্যাংক লিমিটেড, আরডিএ ভবন শাখা, রাজশাহী হতে নগদ=২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা (অফেরৎযোগ্য) জমা দিয়ে আগা ২৭/০৪/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত (ব্যাংক লেনদেন চলাকালীন সময়ে) সংগ্রহ ও ৫নং ক্রমিকের বর্ণিত স্থানে জমা প্রদান করা যাবে। এছাড়াও আবেদনপত্র ও প্রসপেক্টাস রাজশা উন্নয়ন কর্তৃপক্ষের ওয়েব সাইট- www.rdarajshahidiv.gov.bd থেকে সংগ্রহ করা যাবে। তবে আবেদনপত্রের সাথে আবেদনপত্রের মূল্য বাবদ =২,৫০০/- (দুই হাজা পাঁচশত) টাকা চেয়ারম্যান, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ হিসাব নং-০২০০০০৫৬২৯০৮৩ অগ্রণী ব্যাংক লিমিটেড, আরডিএ ভবন শাখা, রাজশাহী বরাবরে অন-লাইন এ জমা প্রদা করে রশিদের কপি আবেদনপত্র ও প্রসপেক্টাসের সাথে জমা প্রদান করতে হবে। আবাসিক প্লট বরাদ্দ সংক্রান্ত অন্যান্য মৌলিক তথ্যাদি আবেদনপত্র ও প্রসপেক্টাসে উল্লেখ থাকবে।

২। কোনো আবেদনকারী তাহার নিজ নামে অথবা তাহার স্ত্রী/স্বামী বা নির্ভরশীল পুত্র বা কন্যা বা পোষ্যের নামে অথবা বেনামে সরকারি বা স্বায়ত্তশাসিত কোনো সংস্থ অথবা কর্তৃপক্ষের কোনো প্রকল্প হইতে রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় কোনো প্লট, অ্যাপার্টমেন্ট বা ফ্ল্যাট বরাদ্দ পাইয়া থাকিলে তিনি প্লট বরাদ্দের জন্য আবেদ করিতে পারিবেন না।

৩। কোনো আবেদনকারী তাহার নিজ নামে অথবা তাহার স্ত্রী/স্বামী বা নির্ভরশীল পুত্র বা কন্যা বা পোষ্যের নামে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের অধিক্ষেত্রের মধ্যে রাজশা উন্নয়ন কর্তৃপক্ষ বা অন্য কোন সরকারি বা আধাসরকারি প্রতিষ্ঠানের কোন প্লট বা ফ্ল্যাট বা জমি অতীতে উল্লিখিত উপায়ে অর্জন করার পর তা হস্তান্তর করলে তিনি প্রকল্পে প্লটের জন্য আবেদন করতে পারবেন না।

৪। আবেদনকারীর বয়স বিজ্ঞপ্তির তারিখে নূন্যতম ২৫(পঁচিশ) বৎসর হতে হবে।

৫। দরখাস্ত জমা দেওয়ার স্থান এবং প্লটের কাঠা প্রতি জামানত নিম্নে উল্লেখ করা হলো :

| দরখাস্ত জমা দেওয়ার স্থান | জামানতের পরিমান (প্রতি কাঠা) | বরাদ্দ বিষয় |
|---|---|---|
| এস্টেট শাখা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, বনলতা বাণিজ্যিক এলাকা, রাজশাহী। | কাঠা প্রতি=১,০০,০০০/- (এক লক্ষ) টাকা। | আবেদনপত্র প্রাপ্তির পর প্রসপেক্টাসে বর্ণিত শ্রেণি/ ক্যাটাগরির বিপরীতে বৈধ আবেদনকারীগণকে নির্ধারিত পদ্ধতিতে প্লট বরাদ্দ প্রদান করা হবে। বরাদ্দ তালিকা প্রকাশের পূর্বে যে কোন আবেদনকারী আবেদন প্রত্যাহারসহ জামানতের অর্থ ফেরত নিতে পারবেন। তবে কোন ক্ষেত্রেই সুদ প্রদান করা হবে না। |

অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল হিসেবে গণ্য হবে।

৬। জামানতের টাকা চেয়ারম্যান, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ হিসাব নং-০২০০০০৫৬২৯০৮৩ অগ্রণী ব্যাংক লিমিটেড, আরডিএ ভবন শাখা, রাজশাহী এর অনুকূলে যে কো তফসিলভুক্ত /বাণিজ্যিক ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি(কালেকশন চার্জ ব্যতীত) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতি বলে গণ্য হবে।

৭। ডাকযোগে আবেদনপত্র ও প্রসপেক্টাস প্রেরণ করা যাবে এক্ষেত্রে আবেদনপত্র গ্রহণের শেষ তারিখের মধ্যেই এস্টেট শাখা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষে পৌছাতে হবে আবেদনপত্র গ্রহণের নির্ধারিত তারিখের পর আর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৮। যাচাই-বাছাইকৃত আবেদনকারীগণের মধ্যে বরাদ্দযোগ্য প্লট লটারির মাধ্যমে বরাদ্দ দেওয়া হবে। লটারির তারিখ এবং ফলাফল রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের ওয়েবসা ও নোটিশ বোর্ডে হতে জানা যাবে।

৯। রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন অথবা সকল আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১০। অনিবার্য কারণ বশত: আবেদন দাখিলের দিন সরকারি ছুটি ঘোষিত হলে বা ব্যাংক কার্যক্রম বন্ধ থাকলে পরবর্তী প্রথম কার্য দিবসে যথাক্রমে বর্ণিত সময় ও স্থানে আবেদনপত্র ফরম গ্রহণ ও জমা প্রদান করা যাবে।

(মোঃ আনওয়ার হোসেন)
চেয়ারম্যান
রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ।